



গণমাধ্যমের স্বাধীনতা রক্ষায় উদ্যোগ নিচ্ছে সরকার: তথ্যমন্ত্রী



তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। ছবি: সংগৃহীত

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার বিষয়ে সরকার কাজ করছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, একটি কার্যকর গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তুলতে বিভিন্ন পক্ষকে যুক্ত করে সংস্কার কার্যক্রম এগিয়ে নেওয়া হচ্ছে।

বৃহস্পতিবার (১৮ জুন) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে জাতীয় গণমাধ্যম কমিশনের রূপরেখা তৈরির লক্ষ্যে আয়োজিত কর্মশালায় তিনি এ মন্তব্য করেন।

মন্ত্রী জানান, প্রথমবারের মতো গণমাধ্যম খাতের সব অংশীজনকে এক প্ল্যাটফর্মে আনা সম্ভব হয়েছে, যা ভবিষ্যৎ সংস্কার প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সরকারের ভূমিকা এখানে সমন্বয়কারী হিসেবে থাকবে বলেও তিনি উল্লেখ করেন।

কর্মশালায় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, ভুলের উর্ধ্বে কেউ নয়। তাই গঠনমূলক সাংবাদিকতার মাধ্যমে সরকারের কার্যক্রমের ভুলত্রুটি তুলে ধরলে তা সংশোধনের সুযোগ তৈরি হয়।

অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা গণমাধ্যম সংস্কার, সংবাদমাধ্যমের স্বাধীনতা, জবাবদিহিতা এবং জাতীয় গণমাধ্যম কমিশনের কাঠামো নিয়ে নিজেদের মতামত তুলে ধরেন।